

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

নং দুদক/২৭-২০০৮/নগ/সংস্থাপন/১৭৭৩৭

তারিখ: ০৪/০৬/২০১৭।

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান গাড়িচালক হিসেবে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত অবস্থায় ০১/০৬/২০১৭ তারিখ আনুমানিক সকাল ০৮.১২ ঘটিকায় মহাপরিচালক (মানিলাভারিং) এর অফিসের টেলিফোন নং ৯৩৫৮৯৪১ হতে নিজেকে DG Habibur Rahman পরিচয় দিয়ে অসং উদ্দেশ্যে বিজ্ঞ জেলা জজ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ফরিদপুরকে ফোন করে মামলার তদবীর করেন। ০১/৬/২০১৭ তারিখ আনুমানিক ০৮.৫০ ঘটিকায় মহাপরিচালক (মানিলাভারিং) এর ব্যক্তিগত সহকারী/পিএ-এর টেলিফোনে বিজ্ঞ জেলা জজ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ফরিদপুর ফোনে জানান যে, উক্ত টেলিফোন নাম্বার থেকে সকাল আনুমানিক ০৮.১২ ঘটিকায় তাঁকে মহাপরিচালক হাবিবুর রহমান পরিচয়ে কল করা হয়েছিল;

যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর একজন গাড়িচালক হওয়া সত্ত্বেও তিনি অসং উদ্দেশ্যে হীন স্বার্থ চরিতার্থ করার জন্য নিজেকে কমিশনের মহাপরিচালক পরিচয়ে উপরোক্ত টেলিফোন নম্বর হতে বিজ্ঞ জেলা জজ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ফরিদপুরকে ফোন করে মামলার তদবীর করেন;

যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ দুর্নীতি দমন কমিশনের ভাবমূর্তির জন্য ক্ষতিকর বিধায় তাকে “অসদাচরণ”-এর আওতায় অবিলম্বে চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা যুক্তিযুক্ত ও অপরিহার্য হয়ে পড়েছে;

সেহেতু, দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৪৩(১) বিধি অনুযায়ী জনাব মোঃ হাবিবুর রহমান, গাড়িচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কে দুর্নীতি দমন কমিশনের চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৪৩(৩) বিধি অনুযায়ী তিনি খোরাকী ভাতাদি (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/-
ইকবাল মাহমুদ
চেয়ারম্যান

স্মারক নং দুদক/২৭-২০০৮/নগ/সংস্থাপন/১৭৭৩৭/১(২০)

তারিখ: ০৪/০৬/২০১৭।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৪. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক (প্রশাসন ও লজিস্টিক), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. পরিবহন কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. জনাব মোঃ হাবিবুর রহমান, গাড়িচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. গার্ড নথি/ব্যক্তিগত নথি/অফিস নথি।

১১/৬/১৭
কাজী শফিকুল আলম
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)
টেলিফোন: ৩২-৯৩৫৫১৯৫
E-mail: d.admin@acc.org.bd